রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, নভেম্বর ১৩, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**সিপি-১ অধিশাখা**

**আদেশ**

তারিখ : ১৩ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ/২৯ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ

**এস. আর. ও. নং-৩৩৫-আইন/২০১৮।**—অধিকতর গতিশীল, সমন্বিত ও জনবান্ধব প্রশাসন ব্যবস্থা নিশ্চিত করিবার লক্ষ্যে Services (Reorganisation and Conditions) Act, 1975 (Act No. XXXII of 1975) এর section 4-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারি করিল, যথা:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আদেশ বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডার এবং বাংলাদেশ সিভিল সার্ভিস (ইকনমিক) ক্যাডার একীভূতকরণ আদেশ, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা সরকারি গেজেট প্রকাশের তারিখে কার্যকর হইবে।

২। **একীভূতকরণ।**—এই আদেশের অন্যান্য বিধানসাপেক্ষে, বাংলাদেশ সিভিল সার্ভিস (ইকনমিক) ক্যাডারকে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের সহিত একীভূত করা হইল।

৩। **শর্তাবলি।**—বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডার এবং বাংলাদেশ সিভিল সার্ভিস (ইকনমিক) ক্যাডার একীভূতকরণের ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলি প্রযোজ্য হইবে, যথা:—

(ক) বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) এবং বাংলাদেশ সিভিল সার্ভিস (ইকনমিক) ক্যাডারের সকল পদ ও জনবল বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের পদ ও জনবল হইবে;

(খ) বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সমন্বিত মেধা তালিকা অনুসারে পুলে যোগদানকারী বাংলাদেশ সিভিল সার্ভিস (ইকনমিক) ক্যাডারের কর্মকর্তা এবং বাংলাদেশ সিভিল সার্ভিস (ইকনমিক) ক্যাডারের কর্মকর্তাগণের জ্যেষ্ঠতা স্ব স্ব ব্যাচের বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাগণের সহিত নির্ধারিত হইবে;

(গ) সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির সুপারিশ অনুযায়ী একীভূত বাংলাদেশ সিভিল সার্ভিস (ইকনমিক) ক্যাডারের কর্মকর্তাগণের সমপদে পদায়ন, জ্যেষ্ঠতা নির্ধারণ এবং একীভূতকরণের সকল প্রক্রিয়ার পূর্ণাঙ্গ বাস্তবায়ন সম্পন্ন হইবে।

৪। **ব্যাখ্যা প্রদান, ইত্যাদি।**—এই আদেশ পূর্ণাঙ্গরূপে বাস্তবায়িত না হওয়া পর্যন্ত কোনো ব্যাখ্যা অথবা এই আদেশে উল্লিখিত হয় নাই এইরূপ কোনো বিষয়ে আদেশের প্রয়োজন হইলে সরকার ব্যাখ্যা অথবা প্রয়োজনীয় আদেশ প্রদান করিতে পারিবে।

৫। **Bangladesh Civil Services (Re-organisation) Order, 1980 সংশোধন।**—এই আদেশের অনুচ্ছেদ ২-এর উদ্দেশ্য পূরণকল্পে, Bangladesh Civil Services (Re-organisation) Order, 1980-এর নিম্নরূপ অধিকতর সংশোধন করা হইল, যথা:—

উক্ত Order এর Paragraph 2-এর এন্ট্রি নং (7)-এর বিপরীতে উল্লিখিত এন্ট্রি "B.C.S. (Economic)" বিলুপ্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**ফয়েজ আহম্মদ**
সচিব

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd